গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.rangpur.gov.bd

স্মারক নং : ০৫.৫৫.৮৫৪৯.০০৩.০২.০০৯.২২-২০৪ | তারিখ : ২৩ মার্চ, ২০২২ খ্রি.।

## নোটিশ

আগামী ৩১/০৩/২০২২ তারিখ সকাল ১০.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে মার্চ/২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন।
২। গত সভার সিদ্ধান্ত সমুহের অগ্রগতি পর্যালোচনা।
৩। সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ক পর্যালোচনা।
৪। বিবিধ।

২৩/০৩/২০২২

মোছা : নুর নাহার বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নং- ০৫২১-৬২১১৬
E-mail: unorangpur@mopa.gov.bd

প্রাপকঃ- ....................................
....................................
রংপুর সদর, রংপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। পুলিশ সুপার, রংপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

CamScanner

### ৩১ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছা: নুর নাহার বেগম<br>উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>রংপুর সদর, রংপুর |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৩/২০২২ খ্রি. , সময়- সকাল - ১০.০০ টায় |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, রংপুর সদর, রংপুর। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট "ক"

সভাপতি সকলকে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্ট শাহাদাত বরণকারী সকল শহীদ সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা, ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। সেইসাথে তিনি ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতার জন্য রক্তদানকারী শহীদ মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযোদ্ধাসহ দুই লক্ষ শহীদ মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জানান ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন।

সভাপতি ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের সকল কর্মসূচি সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে সকলে সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতঃপর গত ২৩/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভাপতি উপস্থিত সকলকে রংপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **<u>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ</u>:** সভাপতি রংপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত ২৩/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন বা বিয়োজন আছে কিনা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | **ফেব্রুয়ারী/২০২২ মাসের অপরাধ চিত্রের পর্যালোচনা:** রংপুর সদর উপজেলার অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় ফেব্রুয়ারী/২০২২ মাসে ধর্ষণ -০১টি , নারী নির্যাতন-০০টি, গবাদি পশু চুরি--০১টি, গাড়িচুরি- ০১টি, অন্যান্য চুরি-০০টি, জখম মামলা- ০১টি, সড়ক দুর্ঘটনা- ০০টি, মাদকদ্রব্য মামলা (উদ্ধারজনিত মামলা)- ০২টি, এবং অন্যান্যভাবে মামলা- ০৫টি।<br><br>প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় গতমাসের তুলনায় নারী নির্যাতন, গবাদি পশু চুড়ি, গাড়ি চুড়ি মামলার সংখ্যা অপরিবর্তিত রয়েছে। অপরদিকে মাদকদ্রব্য উদ্ধারজনিত মামলা হ্রাস পেলেও ধর্ষন,গবাদি পশু চুরি, গাড়ি চুরি ও জখম মামলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে।<br><br>অফিসার ইনচার্জ, রংপুর সদর সভায় বলেন, রংপুর সদর উপজেলায় যে কোন ইউনিয়নে কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে থানায় অবহিত করলে তিনি প্রয়োজনীয় | (ক) সংঘটিত অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>(গ) নারী ও শিশু নির্যাতন (ধর্ষণসহ) এবং অন্যান্য অপরাধ যাতে বৃদ্ধি না পায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে তৎপরতা অব্যাহত রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br><br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর<br><br>৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| | রেলওয়ে বিশেষ শাখা, সৈয়দপুর রেলওয়ে জেলা এর স্মারক নম্বর ৪৬৪০ তারিখ ২৮/১০/২১ খ্রি. এবং জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নম্বর ০৫.৫৫.৮৫০০.০০৯.১১.০০৯.২০-১৩২৫ তারিখ ১৫/১১/২০২১ খ্রি. এর মাধ্যমে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করা হয়। চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের প্রবণতা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সকলকে সতর্ক থাকার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।<br><br>সভাপতি, যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনের অবৈধভাবে দোকানঘর তৈরী হয়েছে সেগুলোর তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরকে পরামর্শ প্রদান করেন।<br><br>সভাপতি উপজেলায় অপরাধ সংগঠনের পূর্বে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ, মাদকের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি, বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন রোধে সমাজের বিভিন্ন স্তরে জনসচেতনতা সৃষ্টির বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আনসার সদস্য, জনপ্রতিনিধি ও সচেতন নাগরিকবৃন্দকে যার যার অবস্থান ও কর্তব্য অনুযায়ী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | জনপ্রতিনিধি ও সচেতন নাগরিক যার যার অবস্থান ও কর্তব্য অনুযায়ী আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br><br>(খ) চলন্ত ট্রেনে পাথর নিক্ষেপের প্রবণতা রোধে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।<br><br>(গ) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনের অবৈধভাবে দোকানঘর তৈরী হয়েছে সেগুলোর তালিকা প্রস্তুতপূর্বক অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রস্তাব প্রেরণ করতে হবে। | ২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br><br>৩। অফিসার ইনচার্জ কোতয়ালী থানা, রংপুর।<br><br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br><br>৫। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br><br>৬। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও ইংরেজী নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/০১/২২

**(মোছা: নুর নাহার বেগম)**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner